# বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩ অর্থবছর

ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা।

# বার্ষিক প্রতিবেদন

## ২০২২-২০২৩ অর্থবছর

### সম্পাদনা পরিষদ

**সুজন কুমার হাজং** আহবায়ক
পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, নেত্রকোণা।

**উত্তম কুমার রিছিল** সদস্য
সহকারী পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, নেত্রকোণা।

**সৃজন সাংমা** সদস্য
গবেষণা কর্মকর্তা
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, নেত্রকোণা।

**মালা মার্থা আরেং** সদস্য
নৃত্য শিক্ষক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, নেত্রকোণা।

অক্ষর বিন্যাস
সৃজন সাংমা, গবেষণা কর্মকর্তা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বিরিশিরি, নেত্রকোণা।

অলংকরণ
লিটন হাজং, কম্পিউটার অপারেটর, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিরিশিরি, নেত্রকোণা।

প্রকাশকাল
২৮ নভেম্বর ২০২৩

প্রকাশনায়
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিরিশিরি, নেত্রকোণা।

# সূচিপত্র


| | |
|---|---|
| ভূমিকা - | ৪ |
| প্রতিষ্ঠানের রূপকল্প ও অভিলক্ষ্য - | ৫ |
| জনবলের বিবরণ- | ৫ |
| বাজেট- | ৭ |
| কার্যাবলী - | ৯ |
| কর্ম এলাকার মানচিত্র- | ১১ |
| কর্ম এলাকার নৃগোষ্ঠীর বিবরণ- | ১২ |
| নির্বাহী পরিষদ- | ১৫ |
| সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম- | ১৬ |

# ভূমিকা

নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলার বিরিশিরিতে অবস্থিত 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি' নামীয় এই প্রতিষ্ঠানটি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একটি সংবিধিবদ্ধ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান।

প্রতিষ্ঠানটি ময়মনসিংহ বিভাগস্থ ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর; ঢাকা বিভাগীয় টাঙ্গাইল এবং সুনামগঞ্জের মধ্যনগর, ধরমপাশা, তাহিরপুর উপজেলায় বসবাসকারী গারো, হাজং, কোচ, বানাই, হদি, ডালু, মান্দাই, বর্মণ প্রভৃতি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি রক্ষা, চর্চা, লালন-পালন, বিকাশ সাধন, পৃষ্ঠপোষকতা দান, উন্নয়ন ও উৎকর্ষ সাধনের উদ্দেশ্যে কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করে থাকে । সেইসাথে সরকারি নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করাও প্রতিষ্ঠানের অবশ্য করণীয় গুরুত্বপূর্ণ কর্ম।

২০২২-২০২৩ অর্থবছরে প্রতিষ্ঠানের রূপকল্প ও অভিলক্ষ্যের সঙ্গে সঙ্গতি রেখে সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ডের মধ্যে রয়েছে জাতীয় দিবস ও বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবসসমূহ উপলক্ষে অনুষ্ঠান আয়োজন; বাঙালীর ঐতিহ্যবাহী উৎসব উদযাপন; ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় উৎসব আয়োজন; রবীন্দ্র-নজরুলসহ বিখ্যাত মনীষীদের জন্ম ও মৃত্যু বার্ষিকী উদযাপন; দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি; সংগীত ও নৃত্য বিষয়ক প্রতিভা অন্বেষণ; গবেষণা পত্রিকা 'জানিরা', সাহিত্য পত্রিকা 'মাটির সুবাস', ক্ষুদ্র নৃগোষ্ঠীয় কবিতা সংকলন এবং বার্ষিক প্রতিবেদন প্রকাশনা; ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় ও সমকালীন বিষয়ে সেমিনার/কর্মশালা আয়োজন; স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য তিনমাস মেয়াদী সংগীত ও নৃত্য বিষয়ক প্রশিক্ষণ; উপজেলা পর্যায়ে ক্ষুদ্র নৃগোষ্ঠী অধ্যুষিত লোকালয়ে 'সংস্কৃতি বিনিময়'; একাডেমিতে আগত সম্মানীয় ব্যক্তিত্বদের সৌজন্যে এবং বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের আমন্ত্রণে সৌজন্য অনুষ্ঠান; ক্ষুদ্র নৃগোষ্ঠী সমাজ-সংস্কৃতি-ইতিহাস-ঐতিহ্য বিষয়ক অডিও-ভিডিও প্রকাশ।

# প্রতিষ্ঠানের রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission)

**ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা-এর রূপকল্প এবং অভিলক্ষ্য নিম্নরূপ:**

## প্রতিষ্ঠানের রূপকল্প (Vision)

সংস্কৃতি চেতনায় আলোকিত ময়মনসিংহ বিভাগস্থ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ।

## প্রতিষ্ঠানের অভিলক্ষ্য (Mission)

সংস্কৃতির নিয়মিত চর্চা, উদ্বুদ্ধকরণ, সচেতনীকরণ, গবেষণা, পৃষ্ঠপোষকতা দান এবং সংরক্ষণের মাধ্যমে ময়মনসিংহ বিভাগস্থ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় সংস্কৃতির যুগোপযোগী উন্নয়ন ও উৎকর্ষ সাধন।

# জনবলের বিবরণ

## জনবলের বিবরণ

১৯৭৭ সালে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের 'বিশেষ এলাকা উন্নয়ন' শীর্ষক প্রকল্পের মাধ্যমে তৎকালীন ময়মনসিংহ জেলার নেত্রকোনা মহকুমার দূর্গাপুর থানাধীন বিরিশিরিতে এ সাংস্কৃতিক প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা করা হয় । প্রকল্প সমাপ্তির পর ১৯৮৭ সালে শিক্ষা মন্ত্রণালয়ের 'সংস্কৃতি বিষয়ক বিভাগ'-এর পত্রের স্মারক নং-সং-২/৬-১৮/৮৬/৮৮১(৮) তারিখ: ২৮/১০/৮৭ মূলে প্রকল্পাধীনে নিয়োগকৃত ১৭(সতের)টি জনবল ১৯৮৪ সালের ০১ জুলাই থেকে ভূতাপেক্ষ রাজস্ব খাতে হস্তান্তর করা হয়। উক্ত ১৭(সতের)টি জনবলের বিবরণ নিম্নরূপ:

| ক্রম | পদনাম | পদসংখ্যা |
|---|---|---|
| ১. | পরিচালক | ০১(এক) |
| ২. | সহকারী পরিচালক | ০১(এক) |
| ৩. | গবেষণা কর্মকর্তা | ০১(এক) |
| ৪. | কালচারাল অফিসার | ০১(এক) |
| ৫. | লাইব্রেরিয়ান | ০১(এক) |
| ৬. | হিসাব রক্ষক | ০১(এক) |
| ৭. | সংগীত শিক্ষক | ০১(এক) |
| ৮. | নৃত্য শিক্ষক | ০১(এক) |
| ৯. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩(তিন) |
| ১০. | অফিস সহায়ক | ০২(দুই) |
| ১১. | নিরাপত্তা প্রহরী | ০৩(তিন) |
| ১২. | পরিচ্ছন্নতাকর্মী | ০১(এক) |
| | সর্বমোট = | ১৭(সতের) |

পরবর্তীতে প্রতিষ্ঠানটির জন্য একটি আদর্শ প্রবিধানমালা ও চাকুরিবিধি প্রণয়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্রের স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৫৬.১৫.০১৩.০৯.৩৮ তারিখ: ২৭/০২/২০২২ মূলে প্রকল্প থেকে রাজস্ব খাতে স্থানান্তরিত ১৭(সতের)টি পদ হতে ৭(সাত)টি পদ (কালচারাল অফিসার-১, সংগীত শিক্ষক-১, হিসাবরক্ষক-১, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-২, অফিস সহায়ক-১) বাদ দিয়ে কিছু শর্তসাপেক্ষে ০১/০৭/১৯৮৪ হতে ১০(দশ)টি পদ ভূতাপেক্ষ সৃজন ও অনুমোদন করা হয়। বিদ্যমান জনবলের বিবরণ নিম্নরূপ:

## বিদ্যমান জনবল

| ক্রম | পদনাম | পদসংখ্যা |
|---|---|---|
| ১. | পরিচালক (চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত) | ০১(এক) |
| ২. | সহকারী পরিচালক | ০১(এক) |
| ৩. | গবেষণা কর্মকর্তা | ০১(এক) |
| ৪. | লাইব্রেরিয়ান | ০১(এক) |
| ৫. | নৃত্য শিক্ষক | ০১(এক) |
| ৬. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১(এক) |
| ৭. | অফিস সহায়ক | ০১(এক) |
| ৮. | নিরাপত্তা প্রহরী | ০৩(তিন) |
| ৯. | পরিচ্ছন্নতাকর্মী | ০১(এক) |
| | সর্বমোট বিদ্যমান জনবলের সংখ্যা = | ১১(এগারো) |

## শূন্য পদের বিবরণ

সরকারি চাকুরিবিধি মোতাবেক অবসরগ্রহণ, চাকুরিকালীন সময়েই মৃত্যু ঘটা এবং বরখাস্ত – এসব কারণে নিম্নবর্ণিত পদসমূহ শূন্য রয়েছে। পদগুলোর বিবরণ:

| ক্রম | পদনাম | পদসংখ্যা |
|---|---|---|
| ১. | কালচারাল অফিসার | ০১(এক) |
| ২. | হিসাব রক্ষক | ০১(এক) |
| ৩. | সংগীত শিক্ষক | ০১(এক) |
| ৪. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২(দুই) |
| ৫. | অফিস সহায়ক | ০১(এক) |
| | সর্বমোট শূন্য পদের সংখ্যা = | ০৬(ছয়) |

# বা জে ট

## বাজেট (২০২২-২০২৩ অর্থবছর)

অর্থ মন্ত্রণালয় তথা সরকার কর্তৃক বরাদ্দকৃত বাজেটই অত্র প্রতিষ্ঠানের পরিচালন ব্যয়ের মূল উৎস। ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট বরাদ্দ নিম্নরূপ:

অধিদপ্তর/সংস্থা : ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা।

**অধিদপ্তর/সংস্থার প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপন (২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলন ও ২০২৪-২৫-২০২৫-২৬) অর্থবছরের প্রক্ষেপন**

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | ব্যয়ের খাত | বাজেট বরাদ্দ ২০২২-২৩ | সংশোধিত ২০২২-২৩ | বাজেট প্রাক্কলন ২০২৩-২৪ | প্রক্ষেপন | | হ্রাস/বৃদ্ধির কারণ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | **আবর্তক ব্যয়** | | | | | | |
| **৩১** | **কর্মকর্তা/কর্মচারীদের প্রতিদান(Compensation)** | | | | | | |
| ৩১১১১০১ | মূলবেতন (কর্মকর্তা) | ১৭৭৫০০০.০০ | ১৭৭৫০০০.০০ | ৩৪৫০০০০.০০ | ৪০০০০০০.০০ | ৪৩৫০০০০.০০ | |
| ৩১১১২০১ | মূলবেতন (কর্মচারী) | ৪০৮৫০০০.০০ | ৪০৮৫০০০.০০ | ২২৮৯০০০.০০ | ৪১৫০০০০.০০ | ৪৫৭৮০০০.০০ | |
| | **উপ-মোট বেতন বাবদ সহায়তা** | **৫৮৬০০০০.০০** | **৫৮৬০০০০.০০** | **৫৭৩৯০০০.০০** | **৮১৫০০০০.০০** | **৮৯২৮০০০.০০** | |
| | **ভাতাদি বাবদ সহায়তা** | | | | | | |
| ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | |
| ৩১১১৩১০ | বাড়ীভাড়া ভাতা | ১৫৮৫০০০.০০ | ১৫৮৫০০০.০০ | ১৬০০০০০.০০ | ১৫০০০০০.০০ | ১৬০০০০০.০০ | |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ২৩৪০০০.০০ | ২৩৪০০০.০০ | ২৩৪০০০.০০ | ২৩৪০০০.০০ | ২৩৪০০০.০০ | |
| ৩১১১৩১৪ | টিফিন ভাতা | ২৭০০০.০০ | ২৭০০০.০০ | ২৭০০০.০০ | ২৭০০০.০০ | ২৭০০০.০০ | |
| ৩১১১৩১৬ | ধোলাই ভাতা | ৬০০০.০০ | ৬০০০.০০ | ৬০০০.০০ | ৬০০০.০০ | ৬০০০.০০ | |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | ৭১০০০০.০০ | ৭১০০০০.০০ | ৬৯৮০০০.০০ | ৭১০০০০.০০ | ৭০০০০০.০০ | |
| ৩১১১৩২৮ | শ্রান্তি বিনোদন ভাতা | ০.০০ | ০.০০ | ০.০০ | ২৯০০০০.০০ | ০.০০ | |
| ৩১১১৩৩৫ | বাংলা নববর্ষ ভাতা | ৭৮০০০.০০ | ৭৮০০০.০০ | ৮৫০০০.০০ | ৮৫০০০.০০ | ৮৫০০০.০০ | |
| | **উপ-মোট ভাতাদি বাবদ সহায়তা** | **২৭৪০০০০.০০** | **২৭৪০০০০.০০** | **২৭৫০০০০.০০** | **২৯৫২০০০.০০** | **২৭৫২০০০.০০** | |
| **৩২** | **পণ্য ও সেবার ব্যবহার** | | | | | | |
| ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | ১৫০০০০.০০ | ১৯৫০০০.০০ | ২০০০০০.০০ | ২০০০০০.০০ | ২০০০০০.০০ | |
| ৩২১১১১১ | সেমিনার কনফারেন্স | ২০০০০০.০০ | ২০০০০০.০০ | ২৫০০০০.০০ | ২৫০০০০.০০ | ২৫০০০০.০০ | |
| ৩২১১১১৩ | বিদ্যুৎ | ৫০০০০০.০০ | ৫০০০০০.০০ | ৫০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | |
| ৩২১১১১৯ | ডাক | ২০০০০.০০ | ২০০০০.০০ | ২০০০০.০০ | ২০০০০.০০ | ২০০০০.০০ | |
| ৩২১১১২০ | টেলিফোন | ১০০০০.০০ | ১০০০০.০০ | ১০০০০.০০ | ১০০০০.০০ | ১০০০০.০০ | |
| ৩২১১১২৬ | অডিওভিডিও/চলচিত্র নির্মাণ | ১০০০০০০.০০ | ১০০০০০০.০০ | ১০০০০০০.০০ | ১১০০০০০.০০ | ১২০০০০০.০০ | |
| ৩২১১১৩৪ | শ্রমিক (অনিয়মিত) মজুরী | ১৩০০০০০.০০ | ১৭০০০০০.০০ | ১৭০০০০০.০০ | ১৮০০০০০.০০ | ১৮০০০০০.০০ | |
| ৩২৩১৩০১ | প্রশিক্ষণ | ৭০০০০০.০০ | ৭০০০০০.০০ | ৭০০০০০.০০ | ৮০০০০০.০০ | ৮০০০০০.০০ | |
| ৩২৪৩১০১ | পেট্রোল,ওয়েল ও লুব্রিকেন্ট | ৭৫০০০.০০ | ৭৫০০০.০০ | ৮৫০০০.০০ | ১০০০০০.০০ | ১০০০০০.০০ | |
| ৩২৪৪১০১ | ভ্রমণ ব্যয় | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | |
| ৩২৫৫১০১ | কম্পিউটার সামগ্রী | ৬০০০০.০০ | ৬০০০০.০০ | ৬০০০০.০০ | ৬০০০০.০০ | ৬০০০০.০০ | |
| ৩২৫৫১০২ | মুদ্রন ও বাঁধাই | ২০০০০০.০০ | ২০০০০০.০০ | ২৫০০০০.০০ | ২৫০০০০.০০ | ২৫০০০০.০০ | |
| ৩২৫৫১০৫ | অন্যান্য মনোহারী | ৫৫০০০০.০০ | ৫৫০০০০.০০ | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৭০০০০০.০০ | |
| ৩২৫৭২০৬ | সম্মানী | ২২০০০০০.০০ | ২২০০০০০.০০ | ২২০০০০০.০০ | ২৩০০০০০.০০ | ২৩০০০০০.০০ | |
| ৩২৫৭৩০১ | অনুষ্ঠান ও উৎসবাদি | ৩০০০০০০.০০ | ৩০০০০০০.০০ | ৩০০০০০০.০০ | ৩২০০০০০.০০ | ৩২০০০০০.০০ | |
| ৩২৫৮১০১ | মোটরযান | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | ৫০০০০.০০ | |
| ৩২৫৮১০৫ | অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১৪০০০০.০০ | ১৪০০০০.০০ | ১৫০০০০.০০ | ১৫০০০০.০০ | ১৬০০০০.০০ | |
| ৩২৫৮১০৮ | অন্যান্য ভবন ও স্থাপনা | ৩১৫৯৫০০০.০০ | ৩৯৭৯৫০০০.০০ | ৩০০০০০০.০০ | ৩০০০০০০.০০ | ৩৫০০০০০.০০ | |
| | **উপ-মোট পণ্য ও সেবার ব্যবহার** | **৪২৪০০০০০.০০** | **৫১০৪৫০০০.০০** | **১৪৪২৫০০০.০০** | **১৫১৪০০০০.০০** | **১৫৮৫০০০০.০০** | |
| **৩৭** | **পেনশন ও অবসর সুবিধাদি বাবদ সহায়তা** | | | | | | |

Activate Windows
Go to Settings to activate Wi

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৭৩১১০১ | আনুতোষিক | ১২৪০০০০০.০০ | ৩৭৫৫০০০.০০ | ৩৮৭৫০০০.০০ | ৩৯৩৫০০০.০০ | ৮৩৪৩০০০.০০ | ১। ২০২২-২৩ অর্থবছরের বাজেটে এ খাতে বরাদ্দের প্রস্তাব ছিল ৩৭,৫৫,০০০/- টাকা। কিন্তু ভুলবশত এ খাতে ১,২৪,০০,০০০/- টাকা বরাদ্দ দেয়া হয়েছে। অতিরিক্ত বরাদ্দকৃত ( ১,২৪,০০,০০০-৩৭,৫৫,০০০) =৮৬,৪৫,০০০/- টাকা ৩২ পণ্য ও সেবার ব্যবহার খাতে বরাদ্দ দেয়ার জন্য সংশোধিত বাজেটে প্রস্তাব করা হলো।<br>২। ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে ৩জন কর্মচারীর আনুতোষিক এবং ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে ১ জন কর্মকর্তা ও ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে ১জন কর্মকর্তা ও ২জন কর্মচারীর আনুতোষিক ধরে বাজেট পেশ করা হলো। |
| | **উপ-মোট পেনশন ও অবসর সুবিধাদি বাবদ সহায়তা** | **১২৪০০০০০.০০** | **৩৭৫৫০০০.০০** | **৩৮৭৫০০০.০০** | **৩৯৩৫০০০.০০** | **৮৩৪৩০০০.০০** | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| **৩৬৩১১৯৯** | **অন্যান্য ব্যয়** | | | | | | |
| ৩৮২১১০২ | ভূমি উন্নয়ন কর | ৫০০০.০০ | ৫০০০.০০ | ৫০০০.০০ | ৫০০০.০০ | ৫০০০.০০ | |
| ৩৮২১১০৩ | পৌর কর | ৬৯৫০০০.০০ | ৬৯৫০০০.০০ | ৬৯৫০০০.০০ | ৬৯৫০০০.০০ | ৬৯৫০০০.০০ | |
| | **উপ-মোট অন্যান্য ব্যয়** | **৭০০০০০.০০** | **৭০০০০০.০০** | **৭০০০০০.০০** | **৭০০০০০.০০** | **৭০০০০০.০০** | |
| **৪১** | **অ-আর্থিক সম্পদ** | | | | | | |
| ৪১১২২০২ | কম্পিউটার ও আনুসংগিক | ৪০০০০০.০০ | ৪০০০০০.০০ | ৫০০০০০.০০ | ৬০০০০০.০০ | ৬০০০০০.০০ | |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | ৩০০০০০.০০ | ৩০০০০০.০০ | ৩০০০০০.০০ | ৪০০০০০.০০ | ৪০০০০০.০০ | |
| | **উপ-মোট অ-আর্থিক সম্পদ** | **৭০০০০০.০০** | **৭০০০০০.০০** | **৮০০০০০.০০** | **১০০০০০০.০০** | **১০০০০০০.০০** | |
| | **সর্বমোট ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা।** | **৬৪৮০০০০০.০০** | **৬৪৮০০০০০.০০** | **২৮২৮৯০০০.০০** | **৩১৮৭৭০০০.০০** | **৩৭৫৭৩০০০.০০** | |

# কার্যাবলী

## লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যাবলী :

"ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০" অনুসারে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা-এর কার্যাবলী নিম্নরূপ:

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা বৃহত্তর ময়মনসিংহ (ময়মনসিংহ, টাঙ্গাইল, নেত্রকোণা, জামালপুর, শেরপুর) ও সুনামগঞ্জে বসবাসকারী গারো, হাজং, কোচ, বানাই, হদি, ডালু, মান্দাই, বর্মণ প্রভৃতি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি রক্ষা, চর্চা, লালন, পালন, বিকাশ সাধন, পৃষ্ঠপোষকতা দান, উন্নয়ন ও উৎকর্ষ সাধনের জন্যে কাজ করে থাকে। এসব লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা নিম্নরূপ দায়িত্বাবলি ও কর্মসূচিসমূহ সম্পাদন করে থাকে।

(১) উল্লেখিত অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ইতিহাস, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্য যেমন ভাষা, সাহিত্য, সংগীত, নৃত্য, ধর্মীয় ও সামাজিক আচারানুষ্ঠান, রীতিনীতি, প্রথা, সংস্কার, চারু ও কারুশিল্প প্রভৃতি সমাজ-ইতিহাস-ঐতিহ্য সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ, প্রকাশনা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

(২) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সমাজ-ইতিহাস-ঐতিহ্য, সংস্কৃতি, উন্নয়ন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সেমিনার, কর্মশালা, সম্মেলন ও প্রদর্শনীর আয়োজন করা; সেইসব বিষয়ে পুস্তক-সাময়িকী প্রকাশনা এবং প্রামাণ্যচিত্র ধারণ ও প্রচার করা।

(৩) সংশ্লিষ্ট ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ভাষা, শিক্ষা, সাহিত্য, সংগীত, নৃত্যকলা, নাট্যকলা, চারুকলা বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা।

(৪) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের মধ্যে সাংস্কৃতিক চেতনা উজ্জীবিত করার লক্ষ্যে সাংস্কৃতিক বিনিময় কর্মসূচি গ্রহণ করা।

(৫) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বস্তুগত সাংস্কৃতিক নিদর্শনাদি সংগ্রহ, সংরক্ষণ ও জাদুঘরে প্রদর্শন করা।

(৬) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী উৎসবসমূহসহ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রতিযোগিতার আয়োজন করা।

(৭) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সাংস্কৃতিক উজ্জীবন ও উন্নয়নের লক্ষ্যে স্থানীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক-সামাজিক সংগঠনসমূহকে পৃষ্ঠপোষকতা দান ও অনুদান প্রদান করা।

(৮) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সমাজ গঠন ও বিনির্মাণে যাদের অবদান সমাজস্বীকৃত সেসব গুণি, বরেণ্য ও কৃতি ব্যক্তিদের সম্মাননা প্রদান করা।

(৯) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জীবন-ধারা, ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি সম্পর্কিত পুস্তকাদি প্রকাশ, অডিও-ভিডিও প্রভৃতি ডিজিটাল মিডিয়ায় ধারণ ও সংরক্ষণ করা।

(১০) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সমাজ-ইতিহাস-ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ সাধনে সরকার কর্তৃক গৃহীত পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন এবং নির্দেশনা মোতাবেক পদক্ষেপ গ্রহণ করা।

(১১) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের মধ্যে সংস্কৃতি চর্চা বৃদ্ধি করা, সাংস্কৃতিক মূল্যবোধ জাগ্রত করা, সংস্কৃতি-চেতনা সৃষ্টি করার লক্ষ্যে 'মেধা অন্বেষণ' অনুষ্ঠানের আয়োজন করা।

(১২) বিধি কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসারে পর্যটন শিল্প বিকাশে সহায়তা দান ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(১৩) বরাদ্দকৃত বাজেট ও সরকারি সহায়তায় দেশে-বিদেশে আঞ্চলিক সাংস্কৃতিক কার্যক্রমকে তুলে ধরা।


(১৪) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জনসাধারণকে জাতীয় সংস্কৃতির মূল স্রোতধারার সঙ্গে সম্পৃক্ত করার লক্ষ্যে দেশজ সংগীত, নৃত্য, জাতীয় দিবস ও উৎসবসমূহ উদযাপন, রাষ্ট্রীয় বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ এবং বিভিন্ন সময়ে সরকার কর্তৃক গৃহীত ও নির্দেশিত কর্মসূচি সমূহে অংশগ্রহণ করা।

(১৫) সরকারি নির্দেশনা তথা প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক অর্পিত দায়িত্বাবলী পালন ও বাস্তবায়ন করা।

# ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা-এর কর্ম এলাকা




ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা ময়মনসিংহ বিভাগস্থ ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর ও শেরপুর; ঢাকা বিভাগের টাঙ্গাইল এবং সিলেট বিভাগের সুনামগঞ্জে বসবাসকারী গারো, হাজং, কোচ, বানাই, হদি, ডালু, মান্দাই, বর্মণ প্রভৃতি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি রক্ষা, চর্চা, লালন-পালন, বিকাশ সাধন, পৃষ্ঠপোষকতা দান, উন্নয়ন ও উৎকর্ষ সাধনের জন্যে কাজ করে থাকে।



# কর্ম এলাকার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বিবরণ




## নেত্রকোণা-

নেত্রকোণা জেলার নেত্রকোণা সদর, বারহাট্টা, মোহনগঞ্জ, পূর্বধলা, কলমাকান্দা ও দুর্গাপুর উপজেলাসমূহে




## ময়মনসিংহ-

ময়মনসিংহ জেলার ময়মনসিংহ সদর, ভালুকা, ফুলবাড়িয়া, ফুলপুর, তারাকান্দা, হালুয়াঘাট, মুক্তাগাছা, ধোবাউড়া উপজেলাসমূহে গারো, হাজং, ডালু ও হদি সম্প্রদায়ের বসবাস।




## টাঙ্গাইল-

টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলার গড় এলাকা এবং ঘাটাইল উপজেলায় বসবাস রয়েছে গারো, বর্মণ এবং হদি সম্প্রদায়ের ।



## শেরপুর-

শেরপুর জেলার শেরপুর সদর, শ্রীবর্দী, নালিতাবাড়ি, ঝিনাইগাতি ও নকলা উপজেলাসমূহে গারো, হাজং, হদি, ডালু ও কোচ নৃ-সম্প্রদায়ের বসবাস ।




## সুনামগঞ্জ-

সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর, মধ্যনগর, তাহিরপুর, ধরমপাশা ও বিশ্বম্ভরপুর উপজেলাসমূহে গারো ও হাজং সম্প্রদায়ের বসবাস ।




## জামালপুর জেলা-

বকশীগঞ্জ উপজেলার সীমান্তবর্তী গ্রামসমূহে গারো ও কোচ নৃ-সম্প্রদায়ের বসবাস ।

# নির্বাহী পরিষদ

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি বিরিশিরি, নেত্রকোণা নির্বাহী পরিষদ-এর সদস্যদের নাম:

| ক্রম | নাম | কমিটির পদবী |
|---|---|---|
| ১ | জনাব অঞ্জনা খান মজলিশ<br>জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা। | সভাপতি |
| ২ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা। | সদস্য |
| ৫ | জনাব লুদিয়া মালঞ্চ সাংমা | সদস্য |
| ৬ | জনাব বথুয়েল চিসিম | সদস্য |
| ৭ | জনাব যুগল কিশোর কোচ | সদস্য |
| ৮ | প্রতিনিধি, ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন,<br>কেন্দ্রীয় কমিটি, ময়মনসিংহ | সদস্য |
| ৯ | জনাব সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি<br>বিরিশিরি, নেত্রকোণা | সদস্য-সচিব |

উল্লেখ্য, উপরোল্লিখিত নির্বাহী পরিষদটি ০৮/০১/২০২৩ তারিখ পর্যন্ত কার্যকর ছিল। বর্তমানে এটির নির্ধারিত মেয়াদ শেষ হওয়াতে বিলুপ্ত হয়েছে। নতুন নির্বাহী পরিষদ গঠনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

# ২০২২-২০২৩ অর্থবছরে

# সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম

# জাতীয় দিবস ও গুরুত্বপূর্ণ বিভিন্ন দিবস উপলক্ষে অনুষ্ঠান

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭৩তম জন্ম বার্ষিকী উদযাপন


গত ০৫/০৮/২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭৩তম জন্ম বার্ষিকীতে দুর্গাপুর উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে তাঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয় এবং জুম অনলাইন প্লাটফর্মে “ক্রীড়া ও সংস্কৃতি বিকাশে শেখ কামালের অবদান” শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন মঞ্চসারথি জনাব আতাউর রহমান, চেয়ারম্যান, সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা কমিটি, বাংলাদেশ আওয়ামী লীগ।











## বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর ৯২তম জন্ম বার্ষিকী উদযাপন

০৮/০৮/২০২২ তারিখ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর ৯২তম জন্মবার্ষিকী উপলক্ষে দুর্গাপুর উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।






## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালন

১৫/০৮/২০২২ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদাত বার্ষিকীতে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। দোয়া মাহফিল/সার্বজনীন প্রার্থনা, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য বঙ্গবন্ধুর প্রতিকৃতি অঙ্কণ, বঙ্গাবন্ধুকে নিবেদিত গান ও বঙ্গাবন্ধুকে নিবেদিত কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া দিবসটি উপলক্ষে ২৬/০৮/২০২২ তারিখে “শোকের পঙক্তিমালা” শীর্ষক কবিতা পাঠের আসর আয়োজন করা হয়।










## <u>শেখ রাসেল দিবস ২০২২ উপলক্ষে অনুষ্ঠান আয়োজন</u>

শেখ রাসেল দিবস ২০২২ উপলক্ষে ১৭/১০/২০২২ তারিখ স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য শেখ রাসেলের প্রতিকৃতি অঙ্কণ, শেখ রাসেলকে নিয়ে রচনা লিখন ও শেখ রাসেলকে নিয়ে রচিত কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়। ১৮/১০/২০২২ তারিখ দিবসটি উপলক্ষে র‍্যালী, আলোচনাসভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



















## মহান বিজয় দিবস ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন

মহান বিজয় দিবস ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে ১৫/১২/২০২২ তারিখ স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাঙ্কণ, দেশাত্মবোধক কবিতা আবৃত্তি, দেশাত্মবোধক গান ও দেশাত্মবোধক নৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হয়। ১৬/১২/২০২২ তারিখ উপজেলা

কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, একাডেমি অডিটরিয়ামে আলোচনাসভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।























## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে ২১/০২/২০২৩ তারিখ উপজেলা কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, একাডেমি অডিটরিয়ামে আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২২/০২/২০২৩ তারিখ স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য সুন্দর বাংলা হস্তাক্ষর প্রতিযোগিতা, একুশের গান ও ক্ষুদ্র নৃগোষ্ঠী ভাষায় বক্তৃতা প্রতিযোগিতা আয়োজন করা হয় এবং পুরস্কার বিতরণী করা হয়।




















## <u>ঐতিহাসিক মহান ৭ মার্চ ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন</u>

ঐতিহাসিক মহান ৭ মার্চ ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে ০৭/০৩/২০২৩ তারিখ দুর্গাপুর উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে সকাল ১০:০০টায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির পিতার প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয়। একই দিনে বিকালে আলোচনা সভার আয়োজন করা হয়।

















## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে ১৬/০৩/২০২৩ তারিখ স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য ‘বঙ্গাবন্ধু বিষয়ক কবিতা আবৃত্তি’ ও ‘বঙ্গাবন্ধুকে নিবেদিত গান’ প্রতিযোগিতার আয়োজন করা হয়। ১৭/০৩/২০২৩ তারিখ জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষে ‘কেক কর্তন’, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
















"বাংলার কাব্যকুঞ্জে তুমি
স্বাধীনতার কবি
আবহমান বাংলার গভীরে আঁকা
পিতা তোমার ছবি।।"
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর
১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩
"বঙ্গবন্ধু তুমি বাংলার ধ্রুবতারা" শীর্ষক
আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
স্থান : একাডেমি অডিটরিয়াম
তারিখ : ১৭ই মার্চ ২০২৩ খ্রীঃ, সময় : বিকাল ৩ ঘটিকা
গোষ্ঠীর কালচারাল একাডেমী, সংস্কৃতি
ক মন্ত্রণালয়
বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা।


"একটি নক্ষত্র একটি নাম শেখ মুজিবুর রহমান"।।
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
১০৩তম জন্মবার্ষিকী
ও
জাতীয় শিশু দিবস-২০২৩
অনুষ্ঠান
আয়োজনে: ক্ষুদ্র নৃ-গোষ্ঠ



## ভয়াল ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৩ উপলক্ষে আলোচনা সভার আয়োজন ও মোমবাতি প্রজ্বলন করা হয়।




## মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে ২৩/০৩/২০২৩ তারিখ স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাঙ্কণ, দেশাত্মবোধক গান ও দেশাত্মবোধক নৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হয়। ২৬/০৩/২০২৩ তারিখ উপজেলা কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, একাডেমি অডিটরিয়ামে আলোচনাসভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।








বাংলাদেশের স্বাধীনতা লক্ষ প্রাণের দান
জীবন দিয়ে রাখবো দেশের স্বাধীনতার মান।।
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ খ্রিঃ উদ্‌যাপন উপলক্ষে
স্কুল শিক্ষার্থীদের জন্য




মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষে
আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান




বাংলাদেশের স্বাধীনতা লক্ষ প্রাণের দান
জীবন দিয়ে রাখবো দেশের স্বাধীনতার মান।।
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ খ্রিঃ উদ্‌যাপন উপলক্ষে
স্কুল শিক্ষার্থীদের জন্য




"স্বাধীনতা মানে সার্বভৌম সত্তার পরিচয়
স্বাধীনতা মানে রক্তের ঋণ, শহীদ স্মৃতি অম্লান অক্ষয়
স্বাধীনতা মানে মুগ্ধ মাটি, প্রভাত সূর্যের আলো
স্বাধীনতা মানে বাংলা আমার বাংলা-কে বাসি ভালো।।"
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষে
আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
স্থান: একাডেমি অডিটরিয়াম
তারিখ: ২৬ মার্চ ২০২৩ খ্রিঃ
আয়োজনে: ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# বাঙালীর জাতীয় ঐতিহ্যবাহী উৎসব উদযাপন

## নবান্ন উৎসব ১৪২৯

পহেলা অগ্রহায়ণ ১৪২৯ মোতাবেক ১৬ নভেম্বর ২০২২ তারিখ নবান্ন উৎসব ১৪২৯ উপলক্ষে একাডেমি অডিটরিয়ামে আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।















## বাংলা নববর্ষ ১৪৩০ উদযাপন

পহেলা বৈশাখ ১৪৩০ মোতাবেক ১৪ এপ্রিল ২০২৩ তারিখ বাংলা নববর্ষ ১৪৩০ বরণ উপলক্ষে মঙ্গল শোভাযাত্রা বের করা হয় এবং একাডেমি অডিটরিয়ামে আলোচনাসভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।




















# ক্ষুদ্র নৃগোষ্ঠী ঐতিহ্যবাহী উৎসব সংরক্ষণমূলক আয়োজন

## হাজং সম্প্রদায়ের ‘দেউলী উৎসব ২০২৩’

১৩-১৪ জানুয়ারি ২০২৩ একাডেমি অডিটরিয়ামে দু’দিনব্যাপী হাজং সম্প্রদায়ের “দেউলী উৎসব ২০২৩” আয়োজিত হয়। ১৩ জানুয়ারি ২০২৩ তারিখ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ আবুল মনসুর, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সুব্রত ভৌমিক, যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়; সম্মানিত অতিথিবৃন্দ ছিলেন জনাব ফয়েজ

আহমেদ, পুলিশ সুপার, নেত্রকোণা; প্রখ্যাত গীতিকবি ও বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সম্মানিত সদস্য জনাব হাসান মতিউর রহমান; প্রখ্যাত গীতিকবি ও বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সম্মানিত সদস্য ড. মাসুদ পথিকসহ হাজং সম্প্রদায়ের বিশিষ্ট সুধীজন। সভাপতিত্ব করেন জনাব অঞ্জনা খান মজলিশ, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা ও সভাপতি, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। স্বাগত বক্তব্য রাখেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। ১৪ জানুয়ারি ২০২৩ তারিখ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব মানু মজুমদার, ১৫৭, নেত্রকোণা ১; সভাপতিত্ব করেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। বিশেষ অতিথিবৃন্দ ছিলেন জনাব মোহাম্মদ মিজানুর রহমান ছিদ্দিকী, উপসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়; অ্যাডভোকেট মোঃ আমিরুল ইসলাম, সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, নেত্রকোণা; জনাব জান্নাতুল ফেরদৌস আরা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুরসহ বিশিষ্ট হাজং নেতৃবৃন্দ। দু'দিনই হাজংদের ঐতিহ্যবাহী নৃত্য-গীতসহ বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপিত হয়।






















<u>গারো সম্প্রদায়ের ‘ওয়ানগালা উৎসব ২০২৩’</u>

১৯ ও ২০ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ একাডেমি অডিটরিয়ামে দু’দিনব্যাপী গারো সম্প্রদায়ের “ওয়ানগালা উৎসব ২০২৩” আয়োজিত হয়। উৎসব- অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আশরাফ আলী খান খসরু এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়; ‘উদ্বোধক’ হিসেবে উপস্থিত ছিলেন জনাব মানু মজুমদার, মাননীয় সংসদ সদস্য, ১৫৭ নেত্রকোণা-১। সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্টেট, নেত্রকোণার সুযোগ্য প্রতিনিধি জনাব জিয়া আহমেদ সুমন, উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, নেত্রকোণা। স্বাগত বক্তব্য রাখেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র

নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা অ্যাড. অসিত সরকার সজল, চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা; জনাব মেহরীন মাহমুদ, পপ সংগীতশিল্পী; জনাব ওসমান গণি তালুকদার, সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, দুর্গাপুর; আলহাজ্ব মো: আব্দুস ছালাম, মেয়র, দুর্গাপুর পৌরসভা; অধ্যক্ষ রেভারেন্ড মনীন্দ্র নাথ মারাক, জনাব বথুয়েল চিসিম প্রমুখ। প্রধান আলোচক ছিলেন কবি ও লেখক মতেন্দ্র মানখিন। দু'দিনই গারো সম্প্রদায়ের ঐতিহ্যবাহী নৃত্য-গীতসহ বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপিত হয়।



























## বানাই সম্প্রদায়ের ‘বাস্তুপুজা’ উৎসব ২০২৩

২৯/০৩/২০২৩ তারিখ সুনামগঞ্জ জেলার ধরমপাশা উপজেলার মোহনপুর ‘বানাই’ গ্রামে বানাই সম্প্রদায়ের ‘বাস্তুপুজা’ উৎসব আয়োজিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব মোহাম্মদ মিজানুর রহমান ছিদ্দিকী, উপসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব উত্তম কুমার রিছিল, পরিচালক (সাময়িক দায়িত্ব), ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। বিশেষ অতিথি হিসেবে ছিলেন জনাব নাহিদ হাসান খান, উপজেলা নির্বাহী অফিসার, মধ্যনগর, সুনামগঞ্জ; জনাব মোঃ

নূরনবী, চেয়ারম্যান, উত্তর বংশীকুন্ডা ইউপি, মধ্যনগর,  সুনামগঞ্জ। জনাব মোঃ নাসির আহমেদ, উপজেলা একাডেমিক সুপারভাইজার, দুর্গাপুর, নেত্রকোণা। জনাব বিশ্বেশ্বর বানাই, সভাপতি, বানাই কল্যাণ পরিষদ। জনাব মোঃ বিল্লাল হোসেন, সাবেক চেয়ারম্যান, উত্তর বংশীকুন্ডা ইউপি, মধ্যনগর, সুনামগঞ্জ;  জনাব মোঃ হেলালুদ্দিন, মেম্বার, ৭ নং ওয়ার্ড, উত্তর বংশীকুন্ডা ইউপি, মধ্যনগর,  সুনামগঞ্জ; জনাব তারিনী আজিম, বিশিষ্ট গারো নেতা ও সমাজকর্মী; জনাব লুদরসিং বানাই, গাঁওবুড়া, মোহনপুর বানাই গাঁও, মহেষখলা; জনাব দুবুরাজ বানাই, বানাই যুব নেতা ও বানাই সম্প্রদায়ের বিশিষ্ট সুধীজন। উৎসব উপলক্ষে বাস্তুপূজা, আলোচনাসভা এবং ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরিবেশনা করা হয়।



















## ‘হদি’ সম্প্রদায়ের ‘বসন্তবর্ত উৎসব ২০২৩’

০৪/০৬/২০২৩ তারিখ টাউনহল অডিটরিয়াম, শেরপুর-এ ‘হদি’ সম্প্রদায়ের ‘বসন্তবর্ত উৎসব ২০২৩’ আয়োজিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ মিজানুর রহমান ছিদ্দিকী, উপসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। বিশেষ অতিথি হিসেবে ছিলেন জনাব মেহনাজ ফেরদৌস, উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর; জনাব মোহাম্মদ বছির আহমেদ বাদল, অফিসার ইন চার্জ, শেরপুর সদর থানা; জনাব লিটন দেব সেন, সভাপতি, বাংলাদেশ হদি কল্যাণ পরিষদ; জনাব প্রশান্ত কুমার সিংহ, সাধারণ সম্পাদক, বাংলাদেশ হদি কল্যাণ পরিষদ; জনাব সমীরণ কুমার সিংহ, সমাজসেবক; জনাব হদি সুবোধ বিশ্বাস, সংস্কৃতিকর্মী এবং জনাব রাজকুমার সিংহ, সভাপতি, বাংলাদেশ হদি কল্যাণ পরিষদ, শেরপুর সদর উপজেলা শাখা। উৎসব অনুষ্ঠানে আলোচনাসভা, বসন্তবর্ত পূজা এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।








## ‘কোচ’ সম্প্রদায়ের ‘বিহু উৎসব ২০২৩’

০৯/০৬/২০২৩ তারিখ একাডেমি অডিটরিয়াম, বিরিশিরিতে ‘কোচ’ সম্প্রদায়ের ‘বিহু উৎসব ২০২৩’ আয়োজিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব খলিল আহমদ, মাননীয় সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব অঞ্জনা খান মজলিশ, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা ও সভাপতি, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। স্বাগত বক্তব্য রাখেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। বিশেষ অতিথি হিসেবে ছিলেন জনাব ফয়েজ আহমেদ, পুলিশ সুপার, নেত্রকোণা; জনাব মোহাম্মদ রাজীব-উল-আহসান, উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর; জনাব যুগল কিশোর কোচ, বিশিষ্ট কোচ লেখক, গবেষক ও সমাজকর্মী এবং আরও বিশিষ্ট সুধীজন।











## ‘ডালু’ সম্প্রদায়ের ‘বাস্তুপূজা উৎসব ২০২৩’

২১/০৬/২০২৩ তারিখ হাতিবান্ধা, নালিতাবাড়ি, শেরপুর ‘ডালু’ সম্প্রদায়ের ‘বাস্তুপূজা উৎসব ২০২৩’ আয়োজিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট ক্ষুদ্র নৃগোষ্ঠী বিষয়ক লেখক, গবেষক ও ইতিহাসবিদ জনাব আলী আহম্মদ খান আইয়োব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজং লেখক ও গবেষক জনাব শরদিন্দু সরকার (স্বপন হাজং); জনাব মোঃ নিয়ামুল কাউসার, চেয়ারম্যান, কাঁকরকান্দি ইউপি; জনাব মাখন ডালু, বর্ষীয়ান ডালু ব্যক্তিত্ব; জনাব ননীগোপাল ডালু, বিশিষ্ট সমাজকর্মী; জনাব সূর্য্য দেবী ডালু, বিশিষ্ট নারী নেত্রী প্রমুখগণ।












ডালু সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বাস্তুপূজা উৎসব-২০২৩
তারিখ: ২১ জুন ২০২৩, বুধবার
বাস্তুপূজা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান


উৎসব-অনুষ্ঠান)
তারিখ: ২১ জুন ২০২৩,
আলোচনা সভা ও
রমানাথ ডালু, ৭৫'র প্রতিরোধযোদ্ধা।
জনাব আলী আহাম্মদ খান আইয়োব,
সুজন হাজং, পরিচালক,



# রবীন্দ্র-নজরুল জন্ম ও মৃত্যুবার্ষিকী উপলক্ষে অনুষ্ঠান

## রবীন্দ্র-নজরুল জন্ম ও মৃত্যু বার্ষিকী উদযাপন

০৬/০৮/২০২২ তারিখ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৮১তম মৃত্যুবার্ষিকী এবং ০৮/০৫/২০২৩ তারিখ ১৬২তম রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২৭/০৮/২০২২ তারিখ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এঁর ৪৬তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে সকালে ভার্চুয়াল আলোচনাসভা এবং বিকালে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। ২৫/০৫/২০২৩ তারিখ ১২৪তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনাসভা ও সংগীতালেখ্যানুষ্ঠানের আয়োজন করা হয়।

























# ক্ষুদ্র নৃগোষ্ঠীয় বরেণ্য ব্যক্তিত্ব স্মরণে অনুষ্ঠান

## শহিদ হাজংমাতা রাশিমণির ৭৭তম প্রয়াণ দিবস

শহিদ হাজংমাতা রাশিমণির ৭৭তম প্রয়াণ দিবস উপলক্ষে ৩০/০১/২০২৩ তারিখ স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য রাশিমণি স্মৃতিসৌধ অঙ্কণ, হাজং গান ও হাজং নৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হয়। ৩১/০১/২০২৩ তারিখ রাশিমণি স্মৃতিসৌধ, বহেরাতলি, রাণিখং-এ আলোচনাসভা ও কবিতা পাঠের আসর আয়োজন করা হয়।















## প্রয়াত এডভোকেট প্রমোদ মানকিন-এর ৮৪তম জন্মবার্ষিকী উদযাপন

বরেণ্য ব্যক্তিত্ব গারো সম্প্রদায়ের প্রথম সংসদ সদস্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা প্রয়াত এডভোকেট প্রমোদ মানকিন-এর ৮৪তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে ২৬/০৬/২০২৩ তারিখ শ্রদ্ধা নিবেদন, কেক কর্তন, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।





# দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি

## দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি

প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী ও স্টাফ শিল্পী এবং সেই সঙ্গে সংস্কৃতিমনস্ক সচেতন শিল্পী তৈরির জন্যে দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২৪-২৬/১০/২০২২ তারিখ একাডেমি মহড়াকক্ষে তিনদিনব্যাপী সাধারণ বাদ্যযন্ত্র গীটার বাদন প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষক হিসেবে ছিলেন জনাব ব্রুসলী রিছিল ও জনাব খ্রীস্টফার পার্থ ঘাগ্রা। প্রশিক্ষণার্থী ছিলেন মোট ১০ জন। ০৩-০৫/১১/২০২২ তারিখ আড়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, রাণীখং-এ তিনদিনব্যাপী ক্ষুদ্র নৃগোষ্ঠীয় হাজং সংগীত প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হয়। প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন ওস্তাদ পীযুষ রায় হাজং এবং প্রশিক্ষণার্থী ছিলেন মোট ২০ জন। একই সময়ে ০৩-০৫/১১/২০২২ তারিখ সেন্ট জেভিয়ার্স বিদ্যালয়, উৎরাইল-এ ক্ষুদ্র নৃগোষ্ঠীয় গারো নৃত্য প্রশিক্ষণ কর্মসূচি সম্পাদন করা হয়। প্রশিক্ষক হিসেবে ছিলেন মিজ সেতারা রাংসা ও মিজ এ্যানী বনোয়ারী এবং মোট প্রশিক্ষণার্থী ছিলেন ২০ জন। ০৭-০৯/০১/২০২৩ তারিখ গোপালপুর ক্যাথলিক চার্চ প্রাঙ্গণে তিনদিনব্যাপী ক্ষুদ্র নৃগোষ্ঠীয় গারো-হাজং নৃত্য প্রশিক্ষণ পরিচালিত হয়। প্রশিক্ষক হিসেবে ছিলেন মিস মৌ জেনী রাংসা এবং জনাব শ্রান্ত দিব্রা। মোট প্রশিক্ষণার্থী সংখ্যা ছিলেন ২০ জন। ২৫-২৭/০৪/২০২৩ তারিখ একাডেমি মহড়াকক্ষে তিনদিনব্যাপী শাস্ত্রীয় নৃত্য (ভরতনাট্যম) প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষক হিসেবে ছিলেন ওস্তাদ প্লাভেন্ট রিবেরু। মোট প্রশিক্ষণার্থী সংখ্যা ছিলেন ২০ জন। ৩০/০৪/২০২৩-০২/০৫/২০২৩ তারিখ তিনদিনব্যাপী একাডেমি মহড়াকক্ষে শাস্ত্রীয় সংগীত প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষক হিসেবে ছিলেন ওস্তাদ কৃপা মানখিন। মোট প্রশিক্ষণার্থী সংখ্যা ছিল ২০ জন। ২৩-২৫/০৫/২০২৩ তারিখ একাডেমি মহড়াকক্ষে প্রশিক্ষক মিজ উজ্জ্বলা রাংসা'র পরিচালনায় "ক্ষুদ্র নৃগোষ্ঠী হস্তশিল্প ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ২০২৩" অনুষ্ঠিত হয়। মোট প্রশিক্ষণার্থী সংখ্যা ছিলেন ২০ জন।









স্থান: একাডেমি মহড়াকক্ষ

স্থান: একাডেমি মহড়াকক্ষ




# প্রতিভা অন্বেষণ কর্মসূচি

## সংগীত ও নৃত্য বিষয়ক প্রতিভা অন্বেষণ

০২ ও ০৩ জুন ২০২৩ তারিখ দু'দিনব্যাপী স্কুল-কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের মধ্য থেকে যথাক্রমে গারো সংগীত ও নৃত্য এবং হাজং সংগীত ও নৃত্যের প্রতিভা অন্বেষণ কর্মসূচি আয়োজন করা হয়। প্রতিযোগিতায় প্রতিটি বিষয়ে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের সনদপত্র ও নগদ অর্থ পুরস্কার প্রদান করা হয়।




















# মূদ্রণ ও প্রকাশনা


## প্রকাশনা ও মুদ্রণ

২০২২-২০২৩ অর্থবছরে একাডেমির গবেষণা শাখা থেকে গবেষণা পত্রিকা ‘জানিরা’ ২৯তম সংখ্যা, সাহিত্য পত্রিকা ‘মাটির সুবাস’ ১৩তম সংখ্যা, ক্ষুদ্র নৃগোষ্ঠীয় কবিতা সংকলন এবং বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।






# সেমিনার/কর্মশালা

## সেমিনার/কর্মশালা আয়োজন

২০২২-২০২৩ অর্থবছরে তিনটি কর্মশালা করা হয়েছে। ০৮/০৬/২০২৩ তারিখ “মান্দি গানের একাল-সেকাল বিষয়ক কর্মশালা ২০২৩” আয়োজন করা হয়। কর্মশালার প্রধান বক্তা ছিলেন গারো সমাজের বিশিষ্ট সুরকার ও সংগীত পরিচালক জনাব যাদু রিছিল। কর্মশালায় অংশগ্রহণকারী ছিলেন মোট ৩৫ জন। ১৪/০৬/২০২৩ তারিখ ‘পরিবেশ সংরক্ষণে ক্ষুদ্র জাতিগোষ্ঠীর ভূমিকা ও করণীয়’ বিষয়ক কর্মশালা ২০২” আয়োজন করা হয়। কর্মশালার প্রধান বক্তা ছিলেন প্রাণ বৈচিত্র্য ও প্রতিবেশ সংরক্ষণ বিষয়ক গবেষক জনাব পাভেল পার্থ। কর্মশালায় মোট ৩৫ জন অংশগ্রহণকারী ছিলেন । ২৫/০৬/২০২৩ তারিখ “ক্ষুদ্র নৃগোষ্ঠীদের ভাষা বিলুপ্তির কারণ ও সংরক্ষণে করণীয় বিষয়ক কর্মশালা ২০২৩” অনুষ্ঠিত হয়। প্রধান বক্তা ছিলেন কবি থিওফিল নকরেক, পিএইচডি গবেষক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও পরিচালক, সিডিআই, কারিতাস বাংলাদেশ। কর্মশালায় অংশগ্রহণকারী ছিলেন মোট ৩৫ জন। উল্লেখ্য, তিনটি কর্মশালাই একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত হয়।














# সংগী ও নৃত্য বিষয়ক বিশেষ প্রশিক্ষণ

## তিনমাস মেয়াদী সংগীত ও নৃত্য বিষয়ক প্রশিক্ষণ

স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য তিনমাস মেয়াদী সংগীত ও নৃত্য বিষয়ক প্রশিক্ষণ নিয়মিত পরিচালিত হয়। সংগীত, নৃত্য ও ঐতিহ্য-সচেতন সংস্কৃতি মনস্ক শিশুশিল্পী গঠনের লক্ষ্যে এই কর্মসূচি নিয়মিত বছরে ২ বার পরিচালিত হয়ে আসছে। প্রথম দফায় ফেব্রুয়ারি থেকে মে মাস এবং ২য় দফায় সেপ্টেম্বর থেকে নভেম্বর অনুষ্ঠিত হয়।









# সংস্কৃতি বিনিময় ও সৌজন্য অনুষ্ঠান

## সংস্কৃতি বিনিময় ও সৌজন্য অনুষ্ঠান

উপজেলা পর্যায়ে ক্ষুদ্র নৃগোষ্ঠী অধ্যুষিত লোকালয়ে ‘সংস্কৃতি বিনিময়’ করা হয়েছে ২৭/০৯/২০২২ ও ০৯/০১/২০২৩ তারিখ যথাক্রমে গোহালীদেও ও গোপালপুর গ্রামে। এছাড়া বিভিন্ন সময়ে একাডেমিতে আগত সম্মানীয় ব্যক্তিত্বদের সৌজন্যে এবং বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের আমন্ত্রণে মোট ১০টি সৌজন্য অনুষ্ঠান করা হয়েছে। যেমন -- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দুর্গাপুর, নেত্রকোণা আয়োজিত ‘কৃষি মেলা ২০২২’-এ দুর্গাপুরে; ময়মনসিংহ সাহিত্য সংসদ-এর সৌজন্যে একাডেমি অডিটরিয়ামে; ভাষা সৈনিক আবুল হোসেন কলেজ ও লোক সাহিত্য গবেষণা পরিষদ, নেত্রকোণা আয়োজিত নেত্রকোণায় ‘লোকজ মেলা ২০২২’ উপলক্ষে; জেলা সাহিত্য মেলা ২০২২, নেত্রকোণাতে; শিক্ষা নবীশ পুলিশ সুপারদের সৌজন্যে একাডেমি অডিটরিয়ামে; মণিসিংহ মেলা ২০২২ দুর্গাপুরে; নিরাপদ সড়ক চাই আন্দোলনের নেতা চলচ্চিত্র অভিনেতা ইলিয়াস কাঞ্চনের সৌজন্যে একাডেমি অডিটরিয়ামে – এভাবে বিভিন্ন সময়ে সৌজন্য অনুষ্ঠান করা হয়েছে।


কৃষি মেলা -২০২২
উদযাপন উপলক্ষে


২০২২-২৩ অর্থ বছরে বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের
আওতায় ৩ দিন ব্যাপী (২৭-২৯ সেপ্টেম্বর, ২০২২)
কৃষি মেলা -২০২২
উদযাপন উপলক্ষে
সাংস্কৃতিক অনুষ্ঠান




জনাব ওবায়দুল হাসান


আদিবাসীদের অধিকার আদায়ের লড়া
বাংলাদেশ আদিবাসী




নিরাপদ সড়ক চাই
We Demand Safe Road


গোপালপুর
Merry Christmas
আমার সংস্কৃতি আমার অহংকার
সংস্কৃতি বিনিময় অনুষ্ঠান-২০২৩


আমার সংস্কৃতি আমার অহংকার
বিনিময় অনুষ্ঠান
স্থানঃ গোহালীদেও, দুর্গাপুর
নেত্রকোণা।




ঈদ পুনর্মিলনী ও সাংস্কৃতিক সন্ধ্যা-২০২২


ঈদ পুনর্মিলনী ও সাংস্কৃতিক সন্ধ্যা-২০২২





ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা।
www.kncabirisiri.portal.gov.bd
Email: knca.birisiri@yahoo.com